

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৪.১২.০০৭.১৯. ৬০৬

তারিখঃ ২০-০৭-২০২০ খ্রি.

বিষয় : উচ্চমান সহকারী পদে পদোন্নতির নিমিত্ত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকদের মূল চাকুরি বহি ও বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ।

- সূত্র : (১) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০০.০০৪.১২.০০৭.১৯.৭৬২, তারিখঃ ০৭-১১-২০১৯ খ্রি.
(২) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০০.০০৪.১২.০০৭.১৯.১৭৩, তারিখঃ ১৬-০৩-২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরাধীন প্রধান কার্যালয়, জেলা কার্যালয় এবং উপজেলা কার্যালয়ে কর্মরত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকদের উচ্চমান সহকারী পদে পদোন্নতির কার্যক্রম গ্রহণের নিমিত্ত তাঁর জেলাধীন ফিডার পদধারী অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (জ্যেষ্ঠতা তালিকার ক্রমিক নং- ০১ হতে ২০০ পর্যন্ত) এর মূল চাকুরী বহি ও বার্ষিক গোপনীয় প্রতিবেদনসহ নির্ধারিত ছকে তথ্য প্রেরণের জন্য সূত্রে উল্লিখিত স্মারকদ্বয়ে অনুরোধ করা হয়। এখন পর্যন্ত তাঁর জেলা হতে তথ্য পাওয়া যায়নি।

এমতাবস্থায়, আগামী ২৩/০৭/২০২০ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিয়োক্ত ছকে উচ্চমান সহকারীর ফিডার পদধারী অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকদের তথ্যাদি burhanddm@gmail.com অথবা beautyakterddm@gmail.com ই-মেইলে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ জানানো হলো। সার্ভিস বহি ও বার্ষিক গোপনীয় প্রতিবেদন বিশেষ বাহক মারফত পাঠাতে হবে।


জ্যেষ্ঠতার তালিকার ক্রঃনং	কর্মচারীর নাম ও নিজ জেলা	বর্তমান কর্মস্থল ও যোগদানের তারিখ	মন্তব্য

২। বিষয়টি অতীব জরুরি।

প্রাপক

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

..... (সংশ্লিষ্ট সকল)।


(মোঃ আতিকুল হক)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোনঃ ৮৮৩৫৪৯৫

অনুলিপিঃ

- ১। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। অফিস কপি।